

মোঃ নুরুল আবছার
ব্যবস্থাপনা পরিচালক



মোঃ নুরুল আবছার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৯ সালে হিসাব বিজ্ঞানে স্নাতকোত্তর এবং একই বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে এল.এল.বি ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে তিনি আইসিএবি এর আওতাধীন সিএ ফার্ম মেসার্স এ ওহাব এন্ড কোং থেকে সিএ কোর্স সম্পন্ন করেন। ১৯৯৬ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাব রক্ষক পদে যোগদান করেন এবং পরবর্তীতে বিভিন্ন পদে নিয়োজিত ছিলেন ও ২০০৯ সালে প্রধান অর্থ কর্মকর্তা হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি ৩০ এপ্রিল ২০১৪ তারিখ থেকে ব্যবস্থাপনা পরিচালক এর চলতি দায়িত্ব পালন করেছেন। কোম্পানির পরিচালনা পর্ষদের ২৩৫তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক তিনি ব্যবস্থাপনা পরিচালকের পূর্ণাঙ্গ দায়িত্ব পালন করছেন।

এ এইচ এম জাকারিয়া
কোম্পানী সচিব ও
সহকারী মহাব্যবস্থাপক



এ এইচ এম জাকারিয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯০ সালে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ১৯৯৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে প্রশাসনিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে ২০০৮ সালে ব্যবস্থাপক (প্রশাসন) হিসেবে এবং ১ জুলাই ২০১৮ তারিখের সহকারী মহাব্যবস্থাপক পদে পদোন্নতি পান। তিনি ০১ জানুয়ারী ২০১২ তারিখ থেকে সহকারী কোম্পানি সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। কোম্পানির পরিচালনা পর্ষদের ২৩৫তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২৮ অক্টোবর ২০২০ তারিখে কোম্পানি সচিব হিসেবে পদোন্নতি লাভ করেন।

মোঃ মকবুল হোসেন
ব্যবস্থাপক (বাণিজ্যিক ও বিক্রয়)



মোঃ মকবুল হোসেন, রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯২ সালে ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ২০০০ সালে আজিজ পাইপস্ লিমিটেডে সহকারী হিসাবরক্ষক হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি ব্যবস্থাপক (বাণিজ্যিক) হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি ০৮ জানুয়ারী ২০১২ তারিখ থেকে ব্যবস্থাপক (বাণিজ্যিক ও বিক্রয়) হিসেবে দায়িত্ব পালন করছেন।

শেখ ফরিদ আহম্মদ
কারখানা ব্যবস্থাপক



শেখ ফরিদ আহম্মদ, ঢাকা বোর্ড থেকে ১৯৭৭ সালে এসএসসি পাস করেন। ১৯৮৫ সালে আজিজ পাইপস্ লিমিটেডে যোগদান করেন এবং বিভিন্ন পদে নিয়োজিত ছিলেন। পরবর্তীতে ২০১০ সালে সহকারী কারখানা ব্যবস্থাপক হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি ০১ অক্টোবর ২০১২ তারিখ থেকে কারখানা ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন।

মোঃ রাশিদুল হাসান
ব্যবস্থাপক (ফিন্যান্স এন্ড হিসাব) ও প্রধান অর্থ কর্মকর্তা (সি.সি)



মোঃ রাশিদুল হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ সালে হিসাব বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি হক শাহ আলম মনসুর এন্ড কোং থেকে ২০১৮ সালে সিএ (সি.সি) কোর্স সম্পন্ন করেন। তিনি ২০১৭ সালে আয়কর পেশাজীবী হিসেবে জাতীয় রজস্ব বোর্ডে তালিকভুক্ত হয়েছেন। ২০১৮ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাবরক্ষক হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি ১২মে ২০১৮ তারিখ থেকে অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন। ২৮ অক্টোবর ২০২০ তারিখে ব্যবস্থাপক (ফিন্যান্স এন্ড হিসাব) পদোন্নতি লাভ করেন। তিনি বর্তমানে চলতি দায়িত্বপ্রাপ্ত প্রধান অর্থ কর্মকর্তার দায়িত্ব পালন করছেন।

পাভেল আহমেদ
অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা



পাভেল আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ২০০৮ সালে হিসাব বিজ্ঞান বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ২০১০ সালে আজিজ পাইপস্ লিমিটেডে হিসাবরক্ষক হিসেবে যোগদান করেন এবং পরবর্তীতে তিনি ২৮শে অক্টোবর ২০২০ তারিখ থেকে অভ্যন্তরীণ নিরীক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন।